

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
www.hsd.gov.bd

নং-৪৫.০০.০০০০.১২২.২৭.০৭১.২৬- ৫৫০

তারিখঃ ০২/০৫/২০২৬ খ্রি.

বিষয়ঃ ডা. মো: সেলিম রেজা (১২৯৬৮৫), জুনিয়র কনসালটেন্ট, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সুজানগর, পাবনা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক বিভাগীয় মামলা

বিভাগীয় মামলা নং ১৩৮/২০২৬

অভিযোগনামা

যেহেতু আপনি ডা. মো: সেলিম রেজা (১২৯৬৮৫), জুনিয়র কনসালটেন্ট, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সুজানগর, পাবনায় কর্মরত ছিলেন;


যেহেতু আপনার বিরুদ্ধে মাসের বেশীর ভাগ সময় কর্মস্থলে অনুপস্থিত থেকে নিয়মিত বেতন-ভাতা উত্তোলন করেন অভিযোগ পাওয়া যায়;

যেহেতু আপনার উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণ (Misconduct) হিসেবে গণ্য;

সেহেতু আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণ (Misconduct) এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে চাকরি হতে বরখাস্তকরণ অথবা অন্য কোনো গুরুদণ্ড আরোপ করা হবে না, সে বিষয়ে এ নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হল।

একইসঙ্গে, আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এ সঙ্গে সংযুক্ত করা হল।


(মো: কামরুজ্জামান চৌধুরী)
সচিব

ডা. মো: সেলিম রেজা (১২৯৬৮৫)
জুনিয়র কনসালটেন্ট, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সুজানগর, পাবনা

নং- ৪৫.০০.০০০০.১২২.২৭.০৭১.২৬- ৫৩৯/২(২২)

তারিখঃ ১২/০৭/২০২৬ খ্রি.

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর (নোটিশটি অভিযুক্তের বর্তমান ও স্থায়ী ঠিকানায় যথাযথভাবে জারি করে জারির প্রতিবেদন এ অধিশাখায় প্রেরণের অনুরোধসহ)
- ২। যুগ্মসচিব (পারসোনেল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। সিভিল সার্জন, পাবনা
- ৪। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিষয়টি উক্ত কর্মকর্তার পিডিএস ও ডাটাবেজে সংরক্ষণ করার অনুরোধসহ)
- ৫। উপ-পরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংশ্লিষ্ট চিকিৎসকের ব্যক্তিগত ফাইলে এন্ট্রিসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)
- ৬। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৭। উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সুজানগর, পাবনা
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৯। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১০। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১১। অফিস কপি

১২/০৭/২৬

(শাকির ইকবাল)

যুগ্মসচিব (শৃঙ্খলা)

ফোনঃ ৫৫১০১০২৮


disc@hds.gov.bd

অভিযোগ বিবরণী

ডা. মো: সেলিম রেজা (১২৯৬৮৫), জুনিয়র কনসালটেন্ট, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সুজানগর, পাবনায় কর্মরত ছিলেন;

তঁার বিরুদ্ধে মাসের বেশীর ভাগ সময় কর্মস্থলে অনুপস্থিত থেকে নিয়মিত বেতন-ভাতা উত্তোলন করেন অভিযোগ পাওয়া যায়;

ডা. মো: সেলিম রেজা এর উপর্যুক্ত কর্মকাণ্ড সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণ (Misconduct) হিসেবে গণ্য। এ কারণে তিনি অসদাচরণ (Misconduct) এর দায়ে অভিযুক্ত হয়েছেন।


(মো: কামরুল হোসেন চৌধুরী)
সচিব